# ইরানের নতুন সর্বোচ্চ নেতা হিসেবে দায়িত্ব নিচ্ছেন মুজতাবা খামেনি



ছবি: সংগৃহীত

ইরানের পরবর্তী সুপ্রিম লিডার হিসেবে নির্বাচিত হয়েছেন মুজতাবা খামেনি। তিনি দেশটির প্রয়াত সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতুল্লাহ আলি খামেনি-এর পুত্র। ১৯৭৯ সালের ইসলামিক বিপ্লবের মাধ্যমে রাজতন্ত্রের অবসানের পর এটি হতে যাচ্ছে দেশের তৃতীয় সুপ্রিম লিডার নিয়োগ।

রোববার (৮ মার্চ) দিবাগত রাতে বাংলাদেশ সময় অনুযায়ী ইরানের রাষ্ট্রীয় সংবাদমাধ্যম নতুন সর্বোচ্চ নেতার নাম আনুষ্ঠানিকভাবে প্রকাশ করে।

ইরানে সুপ্রিম লিডার নির্বাচন করে ৮৮ সদস্যের ধর্মীয় পরিষদ অ্যাসেম্বলি অব এক্সপার্ট। সাম্প্রতিক ভোটাভুটিতে পরিষদের সদস্যরা মুজতাবা খামেনির পক্ষে মত দেন। একই সঙ্গে নতুন নেতার প্রতি জাতীয় ঐক্য ও সমর্থন জানানোর আহ্বানও জানানো হয়।

উল্লেখ্য, গত ২৮ ফেব্রুয়ারি যুক্তরাষ্ট্র ও ইসরায়েল-এর যৌথ হামলায় নিহত হন আয়াতুল্লাহ আলি খামেনি। সে ঘটনায় তার পরিবারের একাধিক সদস্য নিহত হওয়ার খবরও দেশটির বিভিন্ন শীর্ষ গণমাধ্যমে প্রকাশিত হয়।

LENS ASIA